


উস্তাদ মোবারক হোসেন খান এর সম্বর্ধনা

আল নোমান শামীম



উস্তাদ মোবারক হোসেন খান সিডনি এসেছিলেন। ক্লাসিকেল সঙ্গীতের এই সাধক পুরুষ শাসন করেন উপমহাদেশের রাগ ও শুদ্ধ ধারার প্রবাহকে। উস্তাদ মোবারক হোসেন খান-এর সিডনি আগমনকে সামনে রেখে এই ক্ষনজন্মা বাংলাদেশের গুনী পন্ডিতকে সম্মানিত করার জন্য একটি সম্বর্ধনার আয়োজন করে একুশে একাডেমী অস্ট্রেলিয়া। গত ৪ঠা জানুয়ারী ২০০৮-এ এ্যাশফিল্ড লাইব্রেরী অডিটোরিয়ামে এই সম্বর্ধনা অনুষ্ঠানে সিডনির অনেক সুধিজন উপস্থিত হোন। ব্যতিক্রমী এই অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি জনাব নেহাল নেয়ামুল বারী এবং উপস্থাপনা করেন জনাব রাজন নন্দী।

উস্তাদ মোবারক হোসেন খান তার নিজস্ব ভঙিতে অবিরল বলে চলেন সাহিত্য ও সংস্কৃতিতে সুদ্ধ ও ক্লাসিকেল সঙ্গীতের প্রভাব ও সংগ্রামের কথা, বলে চলেন কিভাবে উপমহাদেশের সাস্ত্রীয় সঙ্গীতে বাংলাদেশের এক ঘর পালানো কিংবদন্তি কিশোর, চাচা উস্তাদ আলাউদ্দিন খানের কথা, মন খুলে বলেন আরেক কিংবদন্তি বাবা উস্তাদ আয়াত আলী খানের কথা। বর্ণনা করেন একটি বিশাল শিল্পী পরিবারের কথা, যারা উপমহাদেশের সঙ্গীতকে পথ দেখাবেন আগামী হাজার বছর।

এক প্রশ্নের জবাবে উঠে আসে তার বোন, আরেক সঙ্গীত সাধিকা অল্পপূর্ণা দেবীর ইতিহাস এবং তার সাথে উপমহাদেশের জীবন্ত কিংবদন্তি উস্তাদ রবিশংকরের বিয়ে এবং পারিবারিক সম্পর্কের কথা। ত্রিপুরার মহারাজার দরবার থেকে ফকির বিদ্রোহ ও তার সাথে উস্তাদ আলাউদ্দিন খানের উত্থান এবং উপমহাদেশের গত ৮০০ বছরের শুদ্ধ ধারার সঙ্গীতের সাথে গত পাঁচটি প্রজন্ম ধরে সম্পৃকিত এই পরিবার জন্ম দিয়েছে বেশ কয়েকজন উস্তাদ, তার মধ্যে উস্তাদ আকবর আলী খান, উস্তাদ বাহাদুর খান, উস্তাদ খাদেম হোসেইন খান, উস্তাদ আবেদ হোসেইন খান, উস্তাদ মীর কাশেম খান, উস্তাদ ফুলবুরি খান, উস্তাদ খুরশিদ খান, উস্তাদ শাহাদাত হোসেইন খান, রিনাত ফৌজিয়া সমগ্র উপমহাদেশে খ্যাত।

আধুনিক ও সাস্ত্রীয় সঙ্গীতের ধারা এবং তার ব্যাকরণগত পার্থক্য, এর প্রভাব, সুর ও বাংলাগানের প্রাচুর্য নিয়ে তার বক্তব্য ও বিশ্লেষণ পিনপতন নিরবতায় শোনেন উপস্থিত সুধীবৃন্দ। ডঃ রাজ্জাক, গামা আবদুল কাদির, ডঃ রোনালদ পাত্র, অজয় দাস গুপ্ত, উসমান গনি, অমিয়া মতিন, গোলাম মোস্তফা, শাফিন রাশেদ সহ অন্যান্য সুধিমন্ডলী এই অনুষ্ঠান উপভোগ করেন এবং ওস্তাদ মোবারক হোসেন খানের সাথে একটি চা চক্রে অংশ নেন।

স্বাধীনতা পদক ও একুশে পদকে ভূষিত এই ক্ষনজন্মা পুরুষ সারা পৃথিবীতে ছড়িয়ে দিয়েছেন রাগ ও যন্ত্র সঙ্গীতের চর্চাকে। শিখিয়েছেন বেশ কয়েকটি দেশের সঙ্গীত একাডেমীতে এবং লিখেছেন সঙ্গীতের উপর সমৃদ্ধ ১০০ বেশী বই - যার একটি বিশাল সংগ্রহ এই বইমেলাতে পাঠাবেন বলে প্রতিশ্রুতি দিলেন।